

বিরামপুরে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রীর মতবিনিময়

প্রতিনিধি, বিরামপুর দিনাজপুর

দলকে সুসংগঠিত শক্তিশালী করার লক্ষ্যে ও বিরামপুর পৌর আওয়ামী লীগের আহ্বায়ক কমিটি গঠন আসন্ন পৌরসভা নির্বাচনে দল থেকে যোগ্য প্রার্থী বাছাই করে মনোনয়ন দেয়াসহ বিভিন্ন বিষয়ে দলের নেতাকর্মীদের সাথে গত ১৫ নভেম্বর বাদ জুমা ২নং মিল চত্বরে বিরামপুর উপজেলা আওয়ামী লীগের অস্থায়ী দলীয় কার্যালয়ে মত বিনিময় করেন জেলা আওয়ামী লীগের সভাপতি ও বাংলাদেশ সরকারের মাননীয় প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান ফিজার, দিনাজপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আলতাফুজ্জামান মিতা, জেলা কমিটির সাধারণ সম্পাদক আজিজুল ইমাম চৌধুরী, যুগ্ম সাধারণ সম্পাদক আশফাক হোসেন, বিরামপুর উপজেলা আওয়ামীলীগের সভাপতি মিজানুর রহমান মঞ্জিল, সহ সভাপতি শিবেস কুদ্দুস, সাধারণ সম্পাদক খায়রুল আলম রাজু, সাবেক পৌর চেয়ারম্যান অধ্যাপক আকাস আলী ও নবাবগঞ্জ উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আতাউর রহমানসহ বিরামপুর উপজেলা ও পৌর আওয়ামীলীগের অনেক নেতা কর্মী মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন। মতবিনিময় সভায় জাহাঙ্গির হোসেন কে আহ্বায়ক ও মোস্তাফিজুর রহমান আবু কে যুগ্ম আহ্বায়ক করে বিরামপুর পৌর আওয়ামীলীগের ৩১ সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটি অনুমোদন দেওয়া হয় বলে জানানোছে।